# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

মূল্যায়ন পরীক্ষা (নির্বাচনী)- ২০২১

দ্বাদশ শ্রেণি

পৌরনীতি ও সু-শাসন (সৃজনশীল)

| বিষয় কোড | ১৬৯, ১৭০ |
|---|---|
| সেট কোড | খ |

সময় ঃ ২ ঘন্টা ১০ মিনিট — পূর্ণমানঃ ৭০

**(যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও)**

১। 'ক' একটি স্বাধীন রাষ্ট্র এখানে একটি নির্বাচিত সরকার রয়েছে। যথেষ্ট প্রাকৃতিক ও মানব সম্পদ থাকা সত্ত্বেও রাষ্ট্রপরিচালনার ক্ষেত্রে শাসকগোষ্ঠীর একগুঁয়েমি, জবাবদিহিতার অভাব, **দুর্নীতি** নং এয়ারপোর্ট রোড , পতেঙ্গা, চট্টগ্রামতি ইত্যাদির কারণে এখানে জনগণের স্বার্থ উপেক্ষিত।

ক) আধুনিক রাষ্ট্রের লক্ষ্য কি? ১

খ) আইনের শাসন কি? ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকে আলোচিত রাষ্ট্রে কোন ধরনের সমস্যা পরিলক্ষিত হচ্ছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ) উক্ত রাষ্ট্রের সমস্যা সমাধানে কি কি পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তোমার মনে হয়? মতামত দাও। ৪

২। বাংলাদেশের বেসরকারি ব্যাংকগুলো এ.টি.এম কার্ড সুবিধা চালু করেছে কিন্তু হ্যাকাররা এই সার্ভিসের মধ্যে ঢুকে নম্বর সংগ্রহ করে ব্যাংক থেকে টাকা তুলে নিচ্ছে। যে কারণে অনেক কার্ডধারী নিঃস্ব হয়েছেন।

ক) ই-গভর্নেন্স মানে কি? ১

খ) ডিজিটাল পদ্ধতি বলতে কি বুঝায়? ২

গ) উদ্দীপকে বাংলাদে**শে** ই-গভর্নেন্সের কোন প্রতিবন্ধকতার প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকের প্রতিবন্ধকতা দূরীকরণে তোমার মতামত উপস্থাপন করো। ৪

৩। জনাব 'ক' বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রশাসনিক পদে যোগদান করেন। তিনি সর্বদা নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। তার ঊর্ধ্বতন কর্মকর্তার নির্দেশ অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করেন। কাজের ক্ষেত্রে তিনি সর্বদা সুনির্দিষ্ট নিয়মকানুন অনুসরণ করেন। ফলে একসময় তার পদোন্নতি ঘটে।

ক) ব্যুরো (Bureau) শব্দের অর্থ কি? ১

খ) পদসোপান নীতি বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে 'ক' এর যোগদানকৃত সংগঠনকে কি বলা হয়? তার বৈশিষ্ট্য গুলি লেখ। ৩

ঘ) 'ক' এর মত কর্মকর্তারা দেশের উন্নয়নের ধারক ও বাহক।' তুমি কি একমত? হ্যাঁ হলে এর **যৌক্তিকতা** ব্যাখ্যা ক**রো।** ৪

৪। সুমা বাংলাদেশের নাগরিক। সে জানে ৫২ সালে ভাষা আন্দোলনের মাধ্যমে বাঙালির ঐক্যবদ্ধতার সূত্রপাত। ভাষার দাবি প্রতিষ্ঠিত করার জন্য তার পূর্বসূরিরা রক্ত দিয়েছে। ভাষা আন্দোলনের চেতনাই ছিল স্বাধীনতার মূলমন্ত্র।

ক) বাংলাদেশ কি ধরনের রাষ্ট্র? ১

খ) জাতীয়তা বলতে কি বুঝায়? ২

গ) উদ্দীপকের জাতি গঠনের কোন উপাদানটি ভূমিকা রেখেছে বলে তোমার মনে হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ) ভাষা আন্দোলনের চেতনাই বাঙালির স্বাধীনতার মূলমন্ত্র- উদ্দীপকের কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৫। জনাব হুমায়ন একজন সাবেক উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা। প্রায় ২৫ বছরের মতো সময়কাল তিনি প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ছিলেন। সম্প্রতি তিনি দেশের একটি সাংবিধানিক প্রতিষ্ঠানে নিয়োগ লাভ করেছেন। এ প্রতিষ্ঠান অত্যন্ত নিরপেক্ষভাবে প্রতিযোগীতামূলক পরীক্ষার মাধ্যমে প্রজাতন্ত্রের কর্মে নিয়োগের জন্য প্রার্থী বাছাই করে।

ক) সরকারের প্রধান আইন কর্মকর্তাকে কী বলা হয়? ১

খ) এটর্নি জেনারেলের কার্যাবলী ব্যাখ্যা কর। ২

গ) জনাব হুমায়ন যে প্রতিষ্ঠানে নিয়োগ লাভ করেছেন সেই প্রতিষ্ঠানের কার্যাবলী-ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রজাতন্ত্রের কর্মে নিয়োগের জন্য প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৬।'ক' নামক রাষ্ট্রে সংখ্যাগরিষ্ঠ ভাষাগোষ্ঠীর জনগণ তাদের মাতৃভাষাকে রাষ্ট্রভাষা করার দাবি করে কিন্তু শাসক গোষ্ঠী তাদের এই দাবি মানতে অস্বীকৃতি জানায়। তাই উক্ত ভাষাগোষ্ঠীর জনগণ তাদের মাতৃভাষাকে রাষ্ট্রীয় ভাষা করার দাবিতে রাজপথে নেমে আসে। শাসকগোষ্ঠীর নিরস্ত্র মানুষের বুকে গুলি চালায়। ফলে রাজপথ হয় রক্তে রঞ্জিত। আর এই রক্তদানের মধ্যে দিয়ে শাসকগোষ্ঠী ভাষার দাবি মেনে নিতে বাধ্য হয়।

ক) যুক্তফ্রন্ট কবে গঠিত হয়? ১

খ) মৌলিক গণতন্ত্র কি? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে ঘটনার সাথে তোমার পাঠ্য পুস্তকে বর্ণিত যে আন্দোলনের মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ) উক্ত আন্দোলন "বাঙালি জাতীয়তাবাদের উন্মেষ ঘটায়"- কথাটি উদ্দীপকের আলোকেবিশ্লেষণ করো। ৪

৭। ১৯৬৬ সালে পাকিস্তানের লাহোরে বিরোধী দলের এক সম্মেলন আয়োজন করা হয়। উক্ত সম্মেলনে আওয়ামীলীগের পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি কর্মসূচি পেশ করেন। পশ্চিম পাকিস্তান পূর্ব পাকিস্তানকে শোষণের বিরুদ্ধে এ কর্মসূচি ছিল তীব্র প্রতিবাদ আর বাঙালির অধিকার আদায়ের সনদ।

ক) কবে সর্বদলীয় রাষ্ট্রভাষা কার্যকরী পরিষদ গঠিত হয়? ১

খ) 'তমুদ্দিন মজলিস কি'? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে কর্মসূচির কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) উক্ত কর্মসূচি ছিল বাঙালির বাঁচার দাবি- উদ্দীপকের এ কথাটির সাথে তুমি কি একমত? হ্যাঁ হলে স্বপক্ষে যুক্তি দেখাও ৪

৮। 'ক' একটি গণতান্ত্রিক রাষ্ট্র। এতে নির্দিষ্ট সময় পর পর জনগণ রাষ্ট্র পরিচালনার জন্য প্রতিনিধি বাছাই করে। বর্তমান যুগ প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের যুগ। তাই প্রতিনিধি বাছাইয়ের ক্ষেত্রে জনগণ অংশগ্রহণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গণতন্ত্রকে সফল করার ক্ষেত্রে এটির গুরুত্ব অপরিসীম।

ক) বাংলাদেশে প্রথম সংসদ নির্বাচন কবে অনুষ্ঠিত হয়েছিল? ১

খ) নির্বাচক মন্ডলী বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ) প্রতিনিধি বাছাইয়ের পদ্ধতিকে কি বলে? বাংলাদেশে এর কি কি বৈশিষ্ট্য রয়েছে আলোচনা কর। ৩

ঘ) জনপ্রতিনিধি বাছাইয়ের ক্ষেত্রে জনগণের অংশগ্রহণ গুরুত্বপূর্ণ- উদ্দীপকের কথাটি মূল্যায়ন কর। ৪

৯। মিঃ 'ক' ছিলেন পাকিস্তানের বিরোধী রাজনৈতিক দলের স্রষ্টা। তিনি বিশ্বাস করতেন যে, শক্তিশালী বিরোধী দল ছাড়া গণতন্ত্র অর্থহীন। বুলেটের চেয়ে ব্যালটই শক্তিশালী। 'গণতন্ত্রই ছিল তার জীবনের মূলমন্ত্র'। এজন্য তাকে 'গণতন্ত্রের মানসপুত্র' বলে অভিহিত করা হয়।

ক) মজলুম জননেতা বলা হয় কাকে? ১

খ) বেঙ্গল প্যাক্ট বলতে কি বুঝায়? ২

গ) উদ্দীপকে মিঃ 'ক' কে গণতন্ত্রের মানসপুত্র বলা হয়েছে কেন? ব্যাখ্যা দাও। ৩

ঘ) উদ্দীপকের উক্ত ব্যক্তির রাজনৈতিক অবদান মূল্যায়ন করো। ৪

১০। বাংলাদেশে পোলিও নির্মূলের জন্য প্রত্যেক শিশুকে পোলিও টিকা প্রদান করা হয় সরকারিভাবে। মোনা বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের বাসিন্দা। তার ৯ মাস বয়সের একটি বাচ্চা রয়েছে। গ্রামে বসবাস করা সত্ত্বেও তার বাচ্চার টিকা দেওয়া নিয়ে তাকে চিন্তা করতে হয় না। কারণ টিকা দেওয়ার সময় হলে কয়েকদিন পূর্বে তার মোবাইলে টিকা দিবসের তারিখ জানিয়ে সরকারের পক্ষ হতে SMS পাঠানো হয়।

ক) ই-গভর্নেন্স বাস্তবায়নের প্রধান মাধ্যম কোনটি? ১

খ) 'Smart' সরকার বলতে কি বোঝায়? ২

গ) উদ্দীপকে মোনার পাওয়া সুযোগটি কি ধরনের সরকার ব্যবস্থার ইঙ্গিত করে? ব্যাখ্যা দাও। ৩

ঘ) এ ধরনের কাজে সরকারের সময় বাঁচে এবং জনসাধারণ উপকৃত হয়- কথাটি বিশ্লেষণ করো। ৪

**১১।** প্রায় দু'শ বছরের উপনিবেশিক শাসনের অবসানের পর B নামক রাষ্ট্রটি স্বাধীনতা লাভ করলে ওই রাষ্ট্রের সকল অঞ্চলের জনগণ ভেবেছিল এবার বুঝি মুক্তি মিলবে। কিন্তু দেখা গেল পশ্চিমাঞ্চলের কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চলের জনগণের ওপর বিভিন্ন ধরনের বৈষম্যমূলক আচরণ শুরু করে। ফলে পূর্বাঞ্চলের জনগণ মুক্তিযুদ্ধের মাধ্যমে তাদের অঞ্চলকে স্বাধীন করে **তোলে।**

ক) পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন? ১

খ) ১৬ ডিসেম্বর বাঙালির জীবনে গুরুত্বপূর্ণ কেন? ২

গ) উদ্দীপকের দেশের কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণের সাথে পশ্চিম পাকিস্তানের বৈষম্যমূলক আচরণের মিল কতখানি তা ইতিহাসের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত দেশের বৈষম্যমূলক আচরণ মুক্তিযুদ্ধকে তরান্বিত করেছে- কথাটির যথার্থতা নির্ণয় কর। ৪